

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
(এনডিআরসিসি)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৮.২০১৬-২১৬

তারিখ: ১৬/০৭/২০১৬ খ্রি।

## বিষয়: আবহাওয়া অফিস থেকে প্রাপ্ত সর্বশেষ আবহাওয়া পরিস্থিতির প্রেক্ষিতে করনীয় প্রসংগে।

### ১। সর্বশেষ আবহাওয়া পরিস্থিতি (সুত্র: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

উত্তর বঙ্গোপসাগর এলাকায় গভীর সঞ্চালণশীল মেঘমালা তৈরী হওয়ার কারণে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝাড়ো হাওয়া বয়ে যেতে পারে। চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিনি) নম্বর পুনঃ ০৩ (তিনি) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্র্যালারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

#### ভারী বর্ষণের সতর্কবাণী

সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে আজ (১৬০৭.২০১৬ খ্রি) বিকেল ০৩:০০ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টায় খুলনা, বরিশাল, চট্টগ্রাম, সিলেট, রংপুর, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের কোথাও কোথাও ভারী বর্ষণ হতে পারে।

২। আবহাওয়া বিভাগ কর্তৃক উত্তর সতর্কতা জারীর প্রেক্ষিতে ‘দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশাবলী’ অনুসরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত/-

(মোঃ নুরুল আমিন)  
উপ-সচিব(এনডিআরসিসি)  
ফোনঃ ৯৫৪৫১১৫

- ০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল।
- ০২। জেলা প্রশাসক (সকল), চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ।
- ০৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ।

#### সদয় অবগতির জন্য: (জেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (দুর্যোগ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৪। মহা পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। এনপিডি, সিডিএমপি, ঢাকা।
- ৬। যুগ্ম-সচিব (ত্রাণ)/(দুর্যোগ)/(প্রশাসন)/(দুর্যোগ)/(প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৭। উপ-সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৮। পরিচালক, সিপিপি, মগবাজার, ঢাকা।
- ৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।